

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৬  
সরকারী পরিবহন পুল ভবন  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

স্মারক নং- আর-৬/১এম-১৩/২০০৬-৫৩৯

তারিখ-১৮-০৮-২০১১ খ্রিঃ।

বিষয়: নিবন্ধন পরিদপ্তরের আওতাধীন দলিল লেখকের লাইসেন্স প্রদান এবং দলিল লেখক কর্তৃক রশিদ প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দলিল লেখকের লাইসেন্স প্রদান ও দলিল লেখক কর্তৃক রশিদ প্রদান প্রসংগে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

দলিল লেখকের লাইসেন্স প্রদান:

জেলা রেজিস্ট্রার, যোগ্যতা, দক্ষতা, অভিজ্ঞতা সততা, ইত্যাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রী অফিসে সম্পাদিত দলিলের পরিমাণের অনুপাতে বিধি-বিধানের আলোকে দলিল লেখকের লাইসেন্স প্রদান করবেন।

দলিল লেখক কর্তৃক রশিদ প্রদান:

দলিল লেখকগণ পারিশ্রমিক গ্রহণ করে পক্ষগণকে রশিদ প্রদান করবেন এবং এ সংক্রান্ত ডাইরী/রেজিস্টার সংরক্ষণ করবেন। দলিল দাখিলের সময় দলিল লেখকগণ এ রশিদ দলিলের সাথে দাখিল করবেন এবং জেলা রেজিস্ট্রারের পরিদর্শন কালে দলিল লেখকগণ এ রেজিস্টার প্রদর্শন করবেন।

স্বাক্ষরিত

১৮-০৮-২০১১

(ড.এ.বি.এম. মাহমুদুল হক।

সিনিয়র সহকারী সচিব

- ১। মহা-পরিদর্শক নিবন্ধন, নিবন্ধন পরিদপ্তর, ১৪, আবদুল গণি রোড, ঢাকা।
- ২। রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক (আই, আর, ও)..... সকল।
- ৩। জেলা রেজিস্ট্রার, ..... সকল।
- ৪। সাব-রেজিস্ট্রার, ..... জেলা..... সকল।
- ৫।..... ।

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। যুগ্ম-সচিব (প্রাঃ-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। অফিস কপি/গার্ড ফাইল।

স্বাক্ষরিত

(ড.এ.বি.এম. মাহমুদুল হক)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৬৬০১০